ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮৮১

আগরতলা, ১৬ সেপ্টেম্বর,২০২৫

## প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ

'পানিসাগরে যত্রতত্র মদের ঠেক, পুলিশের নেশা বিরোধী অভিযান নিয়ে উঠছে প্রশ্ন' শিরোনামে ০৯-০৯-২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদ সম্পর্কে এক স্পষ্টিকরণ দিয়ে উত্তর জেলার পুলিশ সুপার জানিয়েছেন, সংবাদে উল্লিখিত বিষয়টি পানিসাগরের এস.ডি.পি.ও. তদন্ত করেছেন এবং এক রিপোর্টে জানিয়েছেন যে পানিসাগর থানা এলাকায় বাইরের মদ আমদানি প্রতিরোধে নিয়মিত অভিযান চালানো হয়। এরকম অভিযানে বহুবার বেআইনি দেশি ও বিদেশি মদ বাজেয়াপ্ত করা হয়েছে। কখনও কখনও বিভিন্ন দোকানেও অতর্কিতে অভিযান চালানো হয়। প্রয়াসের মতো সামাজিক কর্মসূচির মাধ্যমে ছাত্রছাত্রী এবং যুবকদের মধ্যে সচেতনতা সৃষ্টি করে ড্রাগ সেবন ও মদ্যপান থেকে বিরত থাকার জন্য অনুপ্রেরিত করা হচ্ছে। বিট পেট্রোলিং বাড়ানো হচ্ছে এবং বাজার কমিটির সাথে সমন্বয় রেখে বাজার এলাকা ও জনসমক্ষে মদ্যপান প্রতিরোধ করার প্রচেষ্টা চালিয়ে যাওয়া হচ্ছে। আগামীদিনেও সংশ্লিষ্ট দপ্তরগুলির সহযোগিতায় এরকম প্রতিরোধক ব্যবস্থা অব্যাহত থাকবে। ২০২৫-এর জুলাই পর্যন্ত পানিসাগর থানার উদ্যোগে ১,৩৩৩ বোতল বিদেশি মদ ও ৩৬৭ বোতল দেশি মদের বোতল বাজেয়াপ্ত করা হয়েছে। তাই সংবাদপত্রের অভিযোগ সত্য নয়।

*****